



## নিয়োগ বিজ্ঞপ্তি

### উপজেলা প্রোগ্রাম ম্যানেজার

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এর অর্থায়নে আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির আওতায় কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে উপজেলা প্রোগ্রাম ম্যানেজার পদে কাজ করতে আগ্রহী যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্পের মেয়াদকাল-জুন ৩০, ২০২৩ পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। আনুষ্ঠানিক/উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও তত্ত্বাবধানে সমপর্যায়ের পদে কমপক্ষে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে। যে কোন বেসরকারি সংস্থা (এনজিও) বা আন্তর্জাতিক বেসরকারি সংস্থা (আইএনজিও) বা দাতা সংস্থার আর্থিক সহায়তায় পরিচালিত শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা থাকলে তা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। বাংলা ও ইংরেজীতে প্রতিবেদন প্রস্তুতের দক্ষতা। বৈধ লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

#### দায়িত্ব ও কর্তব্যঃ

- কর্মসূচি বাস্তবায়নে জেলা উপজেলাতে সংস্থার মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন;
- উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর কর্তৃক আয়োজিত বিভিন্ন মিটিং/প্রোগ্রামে সহযোগিতা এবং অংশগ্রহণ;
- উপজেলা/থানা পর্যায়ের সকল স্টেক হোল্ডার এবং মাঠ কর্মীদের সাথে কার্যকরী যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে সামাজিক উদ্বুদ্ধকরণ কার্যক্রম বাস্তবায়ন, জরিপ কার্য সম্পাদন, প্রকৃত বিদ্যালয় বহির্ভূত শিশুর তালিকা প্রস্তুতকরণ, স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সহায়তায় শিশু যাচাই বাছাই পূর্বক উপযুক্ত শিক্ষার্থী ভর্তি, সিএমসি গঠন, শিক্ষক ও সুপারভাইজার নিয়োগ, উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় স্থাপন, পাঠ্যপুস্তক ও উপকরণ সরবরাহ এবং উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিচালনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শিক্ষক সুপারভাইজার প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণে মাষ্টার ট্রেনার হিসেবে দায়িত্ব পালন।
- প্রতি মাসে কমপক্ষে ৬০টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও শিক্ষক-সুপারভাইজারগণকে দিকনির্দেশনা প্রদান;
- নিয়মিত একাডেমিক সুপারভিশন, শিক্ষক ও সুপারভাইজারের কর্মপরিকল্পনা/পাঠ পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান;
- মাঠপর্যায়ে সিএমসি সভা ও অভিভাবক সভা অনুষ্ঠান নিশ্চিতকরণ;
- নিয়মিত মাসিক স্টাফ সভা ও শিক্ষক রিফ্রেশার্স প্রশিক্ষণ নিশ্চিতকরণ;
- উপজেলা পর্যায়ের কর্মসূচি সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ;
- শিক্ষার্থী মূল্যায়ন, ক্লাশের অগ্রগতি নিরূপণ, সুপারভাইজারের নিয়মিত বিদ্যালয় পরিদর্শন নিশ্চিতকরণ;
- নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ও মনিটরিং প্রতিবেদন প্রস্তুতকরণ ও কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর নির্দেশনা অনুসারে অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন করা।

বেতন : ২৫০০০/- এছাড়াও কর্মসূচি নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৬/১১/২০২২ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: [hr@popibd.org](mailto:hr@popibd.org). অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু র্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”

web: [www.popibd.org](http://www.popibd.org)